গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর অক্টোবর-২০২৪ খ্রি: মাসের সভার কার্যবিবরণী:**

সভাপতি : মুহাম্মদ আল-আমিন, প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।

সভার স্থান : উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা।

সভার তারিখ ও সময় : ৩১ অক্টোবর, ২০২৪ সময় – দুপুর ১২.০০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহিত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া অক্টোবর-২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরুপঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অক্টোবর-২০২৪ মাসে স্থিতি- ১,১৩,০২,৭৩০.২৪/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ- ১০,৫৪,১১,৫১১.৩৮/-টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | ক) উপজেলা প্রকৌশলী জানান যে, হাট বাজার উন্নয়ন তহবিল/২৩-২৪ এর আওতায় চুকনগর বাজার উন্নয়ন এবং কাঠালতলা বাজার উন্নয়নের কাজ বাস্তবায়ন করতে গিয়ে দেখা যায় স্থানীয় ব্যক্তিবর্গ, ইউপি চেয়ারম্যান ও অন্যান্য জনপ্রতিনিধিদের চাহিদার প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে কাজের কিছু সংশোধন করার প্রয়োজনীয়তা দেখা যায়- বিধায় উক্ত ০২টি প্যাকেজের প্রাক্কলন সংশোধন করা আবশ্যক। প্রাক্কলন ০২ দুইটি সংশোধন করার সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br><br>খ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত ক্রমিক নং ৩১৫ এ বর্নিত ভান্ডারপাড়া আবাসন প্রকল্পে টিন সরবরাহ অনুমোদিত হয়। পরবর্তিতে ১৫.০৪.২০২৪ ইং তারিখে মাসিক সমন্বয় সভায় উপজেলা হাসপাতালে পয়োজনিং সেড নির্মাণের সিদ্ধান্ত হয়। যাহা বাস্তবায়ন করা সম্ভাব হয়নি। পরবর্তীতে উপজেলা পরিষদের চাহিদার কারনে অভ্যন্তরে জরুরী কিছু উন্নয়ন এবং প্রশাসনিক ভবনের সম্মুখে এস এস এর রেলিং নির্মাণ করার সিদ্ধান্ত সভায় উপস্থাপন করা হয়।<br><br>গ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত ক্রমিক নং ৪১০/২ সারা সেচ্ছাসেবী সংগঠনের প্রশিক্ষণ কার্যক্রম -১০০০০০/- ক্রমিক নং ৪০৫ বান্ধা সমাপনী সেচ্ছাসেবী সংগঠনের প্রশিক্ষণ কার্যক্রম -৮০০০০/- । ক্রমিক নং- ৪৮২ এ আনসার ব্যারাক সংলগ্ন পুকুর ঘাট সংস্কার- ৫০০০০০/- ক্রমিক নং- ৩৪৪ এ উপজেলা পরিষদের অভ্যন্তরে বনবিভাগে কাটা তারের বেড়া নির্মাণ ২০০০০০/- ক্রমিক নং- ৩৪৫ এ ডুমুরিয়া ইউনিয়নে কর্মমুখী যুব প্রশিক্ষণ বাস্তবায়ন-১০০০০০/- (মোট ৯৮০০০০/-) অনুমোদিত ছিল কিন্তু উক্ত কাজ বাস্তবায়ন না হওয়ায় উপজেলা পরিষদের অভ্যন্তরে কেন্দ্রীয় শহিদ মিনার নির্মাণের প্রস্তাব করেন। | ক) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত ০২টি প্যাকেজের সংশোধিত প্রাক্কলন পরবর্তী সভায় উপজেলা প্রকৌশলীকে উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>খ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে (খ+গ) বর্নিত পরিবর্তিত স্কীমগুলি অনুমোদন পূর্বক আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা |
| ৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, পরিচালক (সমাজসেবা নিরাপত্তা) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং- | সভায় উপস্থিত সম্মিনিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে ডুমুরিয়া উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে পর্যায়ক্রমিকভাবে | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ডুমুরিয়া, খুলনা | ৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.৪৭৭ তারিখ: ০৪/০৭/২৪ খ্রি: মূলে ২০২৪-২৫ অর্থ বছরে বিগত বছরের ন্যায় এ বছরও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর ( বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং হিজড়া ভাতা কর্মসূচির সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা প্রয়োজন। তিনি আরও বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে। তিনি জানান লাইভ ভেরিফিকেশন এর উদ্দেশ্য হলো: মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচির কোন উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন কি না প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবর্ন নাগরিক কার্ড ব্যতিরেকে আর্থিক সুবিধা গ্রহণ করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল) |
| ৬ | উপজেলা তথ্যকেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা ৯৫০ জন অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর এর মাধ্যমে ৬০০ জনকে (শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যাবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে) সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র থেকে ৪৪ জনকে সেবা দেওয়া হয়েছে। প্রকল্প অফিসের নির্দেশনায় ৪টি উঠান বৈঠকের মাধ্যমে ২০০ জনকে সেবা দেওয়া হয়েছে। ০৭নং শোভনা ইউনিয়নের ০২নং ওয়ার্ডের দলিত স্কুলে জুন মাসের প্রথম উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রিসোর্স পারসন হিসের উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব হাসি রানী রায়। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের বাদুরগাছা গ্রামে ইউপি সদস্য বন্দনা রানির বাড়িতে জুন মাসের ২য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব এস.এম কামরুজ্জামান। ০৪নং খর্নিয়া ইউনিয়নের ০২নং ওয়ার্ডের ভদ্রদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জুন মাসের ৩য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক, জনাব লীনা জেসমিন। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের লতা গ্রামের বিশ্বাস বাড়ি দূর্গা মন্দিরে ইউপি জুন মাসের ৪র্থ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি জেনারেল ম্যানেজার, জনাব কাজী রমজান আলী। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ৮৪৪ জনকে উল্লেখিত বিষয়ে সেবা | তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বা[illegible]য়নে |
|---|---|---|---|---|
| | | প্রদান করা হয়েছে। | | |
| ৭ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান মৌসুমে আমন বীজতলার লক্ষ্যমাত্র ৯১৫ হেক্টর নির্ধারণ করা হয়েছিল যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৫,৯০০ হেক্টর নির্ধারণ করা হয়েছিল। এ পর্যন্ত ১০,০৫০ হেক্টর জমিতে রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। দন্ডায়মান ফসলের মধ্যে সবজির আবাদ হয়েছে ২৭০০ হেক্টর এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আমন ধান আবাদে লক্ষ্যমাত্র পূরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান আছে। | ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম কামরুজ্জামান সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা বন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | ১) উপজেলা বন কর্মকর্তা জানান যে, ডুমুরিয়া উপজেলা পরিষদের মৃত ১৭ টি রেইনট্রি গাছ ডুমুরিয়া উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মৌখিক নির্দেশে গাছের মূল্য নির্ধারন করা হয়। উক্ত মৃত গাছগুলো বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১) এ বিষয়ে সভায় আলোচনা হয় আলোচনান্তে বিধি মোতাবেক গাছগুলো নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয় । | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| | | ২) ডুমুরিয়া উপজেলায় ১৯৯৯-২০০০ সনে বরাতিয়া জেলে পাড়া হইতে খর্ণিয়া ব্রীজ পর্যন্ত ২.০ কিঃ মিঃ বাগান সৃজন করা হয়। উক্ত বাগানের আবর্তকাল শেষ হওয়ায় নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহন প্রয়োজন। উল্লেখ্য যে উক্ত বাগানের রেইনট্রি গাছগুলো প্রায় মারা গিয়াছে। উক্ত বাগান বিধি মোতাবেক নিলামে বিক্রি করার জন্য সভায় উপস্থাপন করা হয়। | ২) বিধি মোতাবেক খাড়া গাছের মার্কিংসহ নিলামে বিক্রয় এবং পুনরায় বনায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ৩) ডুমুরিয়া উপজেলায় বিক্রয় ও বিতরনের জন্য ১১,১৯৮ টি ফলজ, বনজ ও ভেষজ চারা বিদ্যমান ছিলো। এবছর সাম্প্রতিক অতিবৃষ্টি, বন্যা ও জলাবদ্ধতায় চারাগুলো প্রায় ২ মাস পানির নিচে নিমজ্জিত থাকায় ৮,৫০০ টি চারা মারা যায় এবং বাকি চারা গুলোও মারা যাওয়ার উপক্রম হয়। | ৩) চারাগুলো অবলোপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ৪) ডুমুরিয়া উপজেলায় কুলটি চৌমনা হতে পুঞ্জগ্রাম পর্যন্ত ২০২৩-২৪ সনের ৩.০ সিডিলিং কিঃ মিঃ ২য় আবর্তের বাগান সৃজন করা হয়। উক্ত রাস্তায় উন্নয়নমূলক কাজের জন্য রোপিত চারা গুলো বিনষ্ট হয়। উন্নয়নমূলক কাজের অংশে ঠিকাদার কর্তৃক বিনষ্ট হওয়া চারা গাছগুলো প্রতিস্থাপন করা প্রয়োজন। | ৪) ঠিকাদার কর্তৃক বিনষ্ট হওয়া চারা গুলো লাগানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১.১০.২৪

মুহাম্মদ আল-আমিন
প্রশাসক
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

CamScanner

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১.৮৩৯ (৫০) তারিখঃ ৩১/১০/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, খুলনা ।
০৩ জেলা প্রশাসক, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫ নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা।
০৬ উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
০৭ জেলা শিক্ষা অফিসার, খুলনা।
০৮ ------------------------------------------------------------------------------------------(জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
০৯ উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা।
১০ উপজেলা আই.সি.টি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব -------------------------------------------------------------------------

৩১.১০.২৪

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১